গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শৃঙ্খলা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬২.২১.৪৬৫ তারিখ-২৫/১০/২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০৬৮/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি মোসাঃ রুশিয়া খাতুন, পিতা- মোঃ শের আলী মালিথা, সিনিয়র স্টাফ নার্স, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী এর বিরুদ্ধে গত ১৭/০১/২০২১ খ্রিঃ তারিখের রামেকহা/প্রশা/২১/২৭৯ নং স্মারকে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০৭/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ অধিদপ্তরের ০৮/০৩/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬২.২১.১৪৬ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত প্রতিবেদনে উক্ত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়েছে;

৩। যেহেতু, আপনি দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য কর্মে অবহেলা প্রদর্শন করেছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' ও ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন'' এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, আপনি মোসাঃ রুশিয়া খাতুন, পিতা- মোঃ শের আলী মালিথা, সিনিয়র স্টাফ নার্স, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহীকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' ও ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

<u>প্রাপকঃ</u> মোসাঃ রুশিয়া খাতুন
সিনিয়র স্টাফ নার্স

<u>বর্তমান ঠিকানা</u>
মোসাঃ রুশিয়া খাতুন
পিতা- মোঃ শের আলী মালিথা
তত্ত্বাবধায়কের কার্যালয়
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী

<u>স্থায়ী ঠিকানা</u>
মোসাঃ রুশিয়া খাতুন
পিতা- মোঃ শের আলী মালিথা
গ্রামঃ শ্রীরাম গাড়ী, ইউনিয়নঃ রাকসা
উপজেলাঃ লালপুর, জেলাঃ নাটোর।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬২.২১ .৪৩৮/১/১৩ তারিখ: ২৮/১০/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।

৩। উপপরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অভিযোগনামাটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

৪। সেবা তত্ত্বাবধায়ক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।

৫। মোসাঃ রুশিয়া খাতুন, পিতা- মোঃ শের আলী মালিথা, সিনিয়র স্টাফ নার্স, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৮/১০/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর

(উপসচিব)

পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)

ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শৃংখলা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.১৫. তাং------------/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা নং ০৩৪/২০২১ এর ব্যক্তিগত শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব ফাতিমাতুজ-জোহরা, পিতা-মোঃ আজগার আলী, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তিনি অভিযোগনামার জবাব প্রদান করেন। তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়েছে। উক্ত জবাব বিবেচনায় কর্তৃপক্ষ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। বর্ণিতাবস্থায়, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানি আগামী ২৪ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা কর্তৃক শুনানি গ্রহণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোন-০২-৪১০৮০৪১৭

জনাব ফাতিমাতুজ-জোহরা
পিতা-মোঃ আজগার আলী
সিনিয়র স্টাফ নার্স
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৫.১৫. ৪৩৯/১(৪) তাং ২৮/১০/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে
১। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা।
৩। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ওমিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে এ প্রকাশ করার জন্য)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৮/১০/২১
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর